# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-10-2025** **Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) উত্তরবঙ্গে প্রাকৃতিক বিপর্যয়ে নষ্ট হওয়া নথিপত্র নতুন করে দ্রুত তৈরির নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ্। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গোটা বিষয়ের ওপর নজরদারি চালাচ্ছেন।

২) কাশ্মীরে জঙ্গী দমন অভিযানে গিয়ে পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ ও বীরভূমের দুই বাঙালী জওয়ানের মৃত্যুর ঘটনায় শোকের ছায়া।

৩) রাজ্য থেকে বর্ষা বিদায় নেওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে।

৪) কেন্দ্রীয় সরকার, জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় সাড়ে ৮ কোটিরও বেশি রেশন কার্ড গ্রাহকের বৈধতা খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে।

৫) দেশের বিভিন্ন সংশোধনাগারে বিচারাধীন ও বিচারপূর্ব বন্দীদের ভোটাধিকার নিয়ে সুপ্রিম কোর্টে জনস্বার্থ মামলা দায়ের।

৬) রাজ্য সরকার টোটো চলাচল নিয়ন্ত্রণের লক্ষ্যে একটি অস্থায়ী নম্বর চালু করতে চলেছে।

-----------------------------------------------------------------------------------

উত্তরবঙ্গে প্রাকৃতিক বিপর্যয়ে নষ্ট হওয়া নথিপত্র নতুন করে দ্রুত তৈরির নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ। এই নথি না থাকার কারণে কেউ যাতে সরকারি পরিষেবা থেকে বঞ্চিত না হন, প্রশাসনকেই তা নিশ্চিত করতে হবে বলে তিনি জানিয়েছেন। অতিরিক্ত বৃষ্টিতে রাজ্যের সেতুগুলির পরিস্থিতি খতিয়ে দেখারও নির্দেশ দেন তিনি। দুধিয়া ব্রিজের মত পরিস্থিতি যাতে আর না হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থাও নিতে বলেন মুখ্য সচিব। উত্তরবঙ্গের বিপর্যয় নিয়ে গতকাল এক পর্যালোচনা বৈঠকে তিনি এই নির্দেশ দেন। স্বরাষ্ট্র, স্বাস্থ্য, সেচ, পূর্ত, কৃষি, বিপর্যয় মোকাবিলা–সহ সংশ্লিষ্ট দপ্তরের সচিব ছাড়াও সব জেলাশাসক ভার্চুয়াল ঐ বৈঠকে উপস্থিত ছিলেন।

বিপর্যস্ত এলাকায় 'আমাদের পাড়া, আমাদের সমাধান' শিবির আয়োজনের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন মুখ্যসচিব। ঐ শিবিরে আসা মানুষদের প্রয়োজনীয় নথি না থাকলে, প্রশাসনকে উদ্যোগ নিয়ে তার ব্যবস্থা করে দিতে বলা হয়েছে। ক্ষতিগ্রস্ত বাড়ি তৈরি করার বিষয়টি বাংলার আবাস যোজনায় আনা যায় কি না, তা দেখার জন্য পঞ্চায়েত দপ্তরের সচিবকে নির্দেশ দিয়েছেন তিনি।

এদিকে, পূর্ত দপ্তর ইতোমধ্যেই উত্তরবঙ্গে রাস্তাঘাট সংস্কারের কাজ শুরু করেছে। বাঁধ সংস্কারের কাজও করছে সেচ দপ্তর। দুর্গত জেলাগুলির প্রশাসনকে বলা হয়েছে, ২৪ ঘণ্টা সতর্ক থাকতে। মানুষের কোনও সমস্যা হলে, দ্রুত যাতে সমাধান করা যায় সেদিকে নজর রাখতে হবে। জল নামার ফলে ডেঙ্গু হওয়ার আশঙ্কা থাকায় স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমকে ডেঙ্গু রোগ প্রতিরোধে বিশেষ ব্যবস্থা নিতে বলা হয়েছে।

এদিকে, বন্যা ও ধসে বিপর্যস্ত উত্তরবঙ্গে ত্রাণ ও পুনর্বাসনের ওপরে নজর রাখছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বিপর্যস্ত এলাকায় দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আনার জন্য সবরকমের চেষ্টা চালানো হচ্ছে। ত্রাণশিবির, লঙ্গরখানা ও বন্যাদুর্গতদের অস্থায়ী আবাস ২৪ ঘন্টা চালু রয়েছে।

-------------------

রাজ্যে সাম্প্রতিক বন্যায় যে সমস্ত ছাত্রছাত্রীর উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, এডমিট কার্ড, মার্কশিট, সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ নথিপত্র নষ্ট হয়ে গেছে, তাদের বিনা খরচে সেগুলির ডুপ্লিকেট দেওয়া হবে। পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের পক্ষ থেকে এক বিবৃতিতে একথা জানানো হয়েছে। সংসেদর সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য্য জানিয়েছেন, এজন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মাধ্যমে আবেদন করতে হবে। সম্পূর্ণ মানবিক কারণেই ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে এই উদ্যোগ বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

-------------------

কাশ্মীরে জঙ্গী দমন অভিযানে গিয়ে প্রাকৃতিক দুর্যোগে এরাজ্যের দুই বাঙালী জওয়ানের মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। এরা হলেন মুর্শিদাবাদের হরিহরপাড়ার বাসিন্দা প্যারা কমান্ডো পলাশ ঘোষ ও বীরভূমের রাজনগরের বাসিন্দা ল্যান্সনায়েক সুজয় ঘোষ। পীরপঞ্জল পর্বত শ্রেণীর উঁচু এলাকায় তুষার ঝড়ে পড়ে নিখোঁজ হয়ে যান এলিট প্যারা স্পেশাল ফোর্সের এই দুই সেনা কর্মী। তল্লাশির পর বৃহস্পতিবার কোকেরনাগে একজনের দেহ উদ্ধার হয়। দ্বিতীয় জনের দেহ পাওয়া যায় গতকাল। সেনাবাহিনী সূত্রে জানা গেছে, কিস্তোয়ার রেঞ্জে ঐ দুর্গম পাহাড়ি এলাকায় বিদেশী জঙ্গীদের উপস্থিতির খবর থাকায় সেখানে অভিযান চালানো হচ্ছিল। সোম ও মঙ্গলাবরের মাঝরাতে অভিযানে সামিল প্যারা কমান্ডোদের দলটি তুষার ঝড়ে পড়ে। তারপর থেকেই সুজয় ও পলাশের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সেনাবাহিনীর তরফে গতকাল দুজনের বাড়িতে এই দুঃসংবাদ জানানো হলে পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েন।

বীরভূমের জেলাশাসক বিধান রায় জানিয়েছেন, মৃতদেহ ফিরিয়ে আনার জন্য প্রশাসনের তরফে সবরকমের চেষ্টা চালানো হচ্ছে। পরিবারের সদস্যদেরও পাশে থাকার আশ্বাস দেন তিনি।

সেনাবাহিনীর চিনার কোরের তরফে এক্স হ্যান্ডেলে এক বার্তায় পলাশ ও সুজয়কে কুর্নিশ জানিয়ে বলা হয়েছে, তাদের সাহসিকতা ও আত্মত্যাগ সকলকে চিরকাল অনুপ্ররণা জোগাবে।

-------------------

রাজ্য থেকে বর্ষা বিদায় নেওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। তবে মৌসুমি বায়ু বিদায়ের আগে গতকাল কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন জায়গায় বজ্রবিদ্যুৎ সহ প্রবল বৃষ্টির জেরে রাস্তায় জল জমে যায়, পথ চলতি মানুষ সমস্যায় পড়েন। ।

আজ ও কলকাতা, উত্তর ও দক্ষিণ 24 পরগনা হাওড়া এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

কলকাতায় আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭২ দশমিক ৯ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় এক ডিগ্রি নীচে।

-------------------

কেন্দ্রীয় সরকার, সারা দেশে জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় সাড়ে ৮ কোটিরও বেশি রেশন কার্ড গ্রাহকের বৈধতা খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে। কেন্দ্রীয়

খাদ্যমন্ত্রকের নির্দেশে রাজ্য সরকারগুলিকেই এই দায়িত্ব দেওয়া হয়েছে। যারা প্রকৃত সুবিধাভোগী নন, তাঁদের নাম রেশন তালিকা থেকে বাদ দেওয়াই এর উদ্দ্যেশ্য।

২ কোটি ৭৫ লক্ষ গ্রাহকের তথ্য যাচাইয়ের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। এতে মোট ২ কোটি ১০ লক্ষ ৯৬ হাজার ৪০৬টি রেশন কার্ড বাতিল হয়েছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে দুটি গুরুত্বপূর্ণ প্রকল্প - পি এম ধনধান্য যোজনা এবং ডাল শস্য মিশনে আত্মনির্ভরতার সূচনা করবেন। ঐ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী , কৃষকদের সঙ্গেও মত বিনিময় করবেন। কৃষক কল্যাণ, কৃষি ক্ষেত্রে স্ব নির্ভরতা অর্জন এবং গ্রামীণ পরিকাঠামো আরও মজবুত করে তোলার জন্যে সরকারের অঙ্গিকারবদ্ধতারই প্রতিফলন এই ২ টি প্রকল্প। এর জন্যে মোট ব্যয় বরাদ্দ হয়েছে ৩৫ হাজার কোটি টাকারও বেশি।

-------------------

দেশের বিভিন্ন সংশোধনাগারে বিচারাধীন এবং বিচারপূর্ব বন্দীদের ভোটাধিকার নিয়ে সুপ্রিমকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। আইনজীবী সুনিতা শর্মার আবেদনের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার এবং ভারতের নির্বাচন কমিশনকে নোটিশ জারির নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রনের বেঞ্চে এই মামলা দায়ের করা হয়।

আবেদনকারীর দাবি, বর্তমানে ভারতের বিভিন্ন কারাগারে সাড়ে চার লক্ষেরও বেশি চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত না হওয়া, বন্দী রয়েছেন, যাদের ভোটাধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে যা গণতান্ত্রিক ব্যবস্থার পরিপন্থী।

-------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-SIR নিয়ে সংখ্যালঘুদের প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, এর আগেও সংশোধিত নাগরিকত্ব আইন বা CAA চালু হলে মুসলিম ভোটারদের নাম তালিকা থেকে বাদ যাবে বলে পশ্চিমবঙ্গের  মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দাবি করেছিলেন। তবে CAA চালু হওয়ার ২বছর কেটে গেলেও কোন বৈধ ভোটারের নামই তালিকা থেকে বাদ যায়নি। এবারেও ২০০২-এ ভোটার তালিকায় যাদের নাম ছিল, তাদের নাম কোনোভাবেই বাদ যাবে না বলে আশ্বাস দেন তিনি। তাই SIR নিয়েও কোন প্ররোচনায় পা না দেওয়ার জন্য আর্জি জানান সুকান্তবাবু।

(বাইট- সুকান্ত)

-------------------

রাজ্য সরকার, বিভিন্ন প্রান্তে চলা Toto গুলিকে নিয়ন্ত্রণে আনতে চলেছে। কলকাতায় গতকাল  এক সাংবাদিক বৈঠকে রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী একথা জানিয়ে বলেন, বর্তমানে রাজ্যে চলা toto গুলির জন্যে  একটি অস্থায়ী নম্বর বা TTEN চালু করা হবে। এই নম্বর পেতে আগামী সোমবার (১৩ই  অক্টোবর) থেকে আগামী ৩০ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদনের ভিত্তিতে প্রতিটি TOTO র জন্য QR কোড সহ এই নম্বর দেওয়া হবে।

বাইট স্নেহাশীষ চক্রবর্তী

-------------------

রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতুতে আজ ও আগামীকাল ২ দিন যান চলাচল বন্ধ রাখা হচ্ছে। আজ ভোর ৫টা থেকে সকাল ৯টা পর্যন্ত বন্ধ রয়েছে শহরের অন্যতম ব্যস্ত এই সেতু।

একইসঙ্গে আগামীকাল দুপুর ৩টে থেকে রাত ৮টা পর্যন্তও পুরোপুরি যান চলাচল বন্ধ থাকবে এই সেতুতে।

কলকাতা পুলিশের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে ওই সময় গাড়িগুলিকে অন্য পথে ঘুরিয়ে দেওয়া হবে।

-------------------

West Bengal Police Recruitment Board Examination উপলক্ষ্যে পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে মেট্রো রেল, আগামীকাল ব্লু লাইন ও গ্রিন লাইন শাখায় অতিরিক্ত ট্রেন চালাবে । ওই দিন ব্লু লাইনে ১৩০ টির পরিবর্তে ৬৯ টি আপ ও ৬৯ ডাউন সহ ১৩৮ এবং গ্রিন লাইনে ১০4 টির পরিবর্তে ১১২ টি পরিষেবা পাওয়া যাবে।

-------------------

আজ আন্তর্জাতিক শিশু কন্যা দিবস। এ রাজ্যে ও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। লিঙ্গ বৈষম্য দূর করা, শিশুকন্যার শিক্ষার অধিকার, পুষ্টি ও ন্যায় অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে রাষ্ট্রসংঘ, ১১ অক্টোবরকে আন্তর্জাতিক শিশু দিবস হিসেবে ঘোষণা করে।

-------------------

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর ২ নম্বর ব্লকের চাঙ্গুয়াল গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে গতকাল বিকেলে, আদিবাসী মহিলা পঞ্চায়েত প্রধান কে মারধরের অভিযোগ উঠেছে, অন্য এক মহিলা পঞ্চায়েত সদস্যার বিরুদ্ধে। জানা গেছে, এদিন বিকেলে পঞ্চায়েত অফিসে জেনারেল বডি মিটিং ডাকা হয়েছিল। মিটিং শুরুর আগেই তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য সুজাতা দে অভিযোগ তোলেন, তার এলাকায় উন্নয়নের কোনো কাজ হচ্ছে না। সেই সময় অঞ্চল প্রধান দিপালী সিংয়ের সঙ্গে তাঁর কথা কাটাকাটি শুরু হয়। এর পরই মারধোরের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে স্থানীয় থানার পুলিশ ও খড়গপুর ২ নম্বর ব্লকের জয়েন্ট বিডিও পৌঁছান। পুলিশি হস্তক্ষেপে অবশেষে পরিস্থিতি স্বাভাবিক হয়।

-------------------

দক্ষিণ ২৪ পরগনার কামালগাজির এক ইংরেজি মাধ্যম স্কুলে স্পোর্টস ক্লাস চলাকালীন দৌড়ের মধ্যেই মৃত্যু হল নবম শ্রেণির ছাত্র অর্কদীপ বাগের (১৫)। রামচন্দ্রপুর এলাকার বাসিন্দা অর্কদীপ গতকাল দুপুরে সহপাঠীদের সঙ্গে দৌড় প্রতিযোগিতায় অংশ নেয়। কিন্তু মাঝপথেই আচমকা মাটিতে লুটিয়ে পড়ে সে। শিক্ষক ও স্কুলকর্মীরা দ্রুত তাকে উদ্ধার করে নিকটবর্তী একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসকেরা অর্কদীপকে মৃত বলে ঘোষণা করেন।
তার আকস্মিক মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে স্কুলে।

------------------- -------------------